



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং : সিশিবো/পনি/মাধ্য/২০২৫/৫৯২

তারিখ

০৭ অক্টোবর ১৪৩১ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০২৪ খ্রি.

২০২৫ সালের এসএসসি পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষক এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, ২০২৫ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার online এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি সিলেট শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো।

- Online** এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (**probable list**) প্রদর্শন: শিক্ষার্থীদের তথ্য সংবলিত সম্ভাব্য তালিকা সিলেট শিক্ষা বোর্ডের ওয়েব সাইট (www.sylhetboard.gov.bd) এ ২৮/১১/২০২৪ তারিখে দেওয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ০১/১২/২০২৪ থেকে ০৯/১২/২০২৪ তারিখে Online এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (**eFF**) সম্পন্ন করতে হবে।
 - প্রতিষ্ঠানসমূহ সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে Student Management-eFF Confirmation- এ ক্লিক করে **EIIN** ও **Password** দিয়ে **Login** করে **Probable list Print** করে হার্ড কপিতে লাল কালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।
 - উক্ত হার্ড কপি **Probable list** এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত **Probable list** থেকে **Select** করতে হবে।
 - Temporary List Print** করে ভালোভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে **Select/Unselect** করা যাবে।
 - এরপর **Pay Slip Print** করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় যে শাখায় সোনালী সেবা চালু আছে) **Pay slip** এ উল্লিখিত পরিমাণ টাকা জমা প্রদান করতে হবে।
 - Final Candidate List Print** করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।
 - বিলম্ব ফি সহ ১২/১২/২০২৪ হতে ১৪/১২/২০২৪ পর্যন্ত Online এ ফরম পূরণ (**eFF**) করা যাবে।
- পরীক্ষার্থীর স্বাক্ষর সংবলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।
- ফি জমার সর্বশেষ তারিখ: বিলম্ব ফি ছাড়া ১০/১২/২০২৪ এবং বিলম্ব ফি সহ ১৫/১২/২০২৪ পর্যন্ত।

ক্রমিক নং	কাজের বিবরণ	তারিখ
(ক)	রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্ব্যক্তিক বিষয়/বিষয়সমূহে এক থেকে চার বিষয়ে ২০২৪ সালের অকৃতকার্য পরীক্ষার্থীগণের ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করতে হবে। আবেদন করার শেষ তারিখ:	২১/১১/২০২৪
(খ)	নির্বাচনী (টেস্ট) পরীক্ষা গ্রহনসহ ফলাফল প্রকাশের শেষ তারিখ:	২৭/১১/২০২৪
(গ)	অনলাইনে ফরম পূরণ বিলম্ব ফি ছাড়া	০১/১২/২০২৪ হতে ০৯/১২/২০২৪
(ঘ)	বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফি জমা দেয়ার শেষ তারিখ:	১০/১২/২০২৪
(ঙ)	Finalization Date (বিলম্ব ফি ছাড়া)	১১/১২/২০২৪
(চ)	বিলম্ব ফি সহ অনলাইনে ফরমপূরণ	১২/১২/২০২৪ হতে ১৪/১২/২০২৪
(ছ)	পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফি সহ অনলাইনে ফি জমা দেয়ার শেষ তারিখ:	১৫/১২/২০২৪
(জ)	Finalization Date (বিলম্ব ফি এর ক্ষেত্রে)	১৬/১২/২০২৪